



নং-১৯.০১.৯৬৬১.২০২.৩৫.০১৮.১৭-৬৪৭

তারিখ : ১৫ সেপ্টেম্বর ২০১৭

জরুরী বিজ্ঞপ্তি

বিষয় : প্রবাসী বাংলাদেশীদের জন্য সৌদি আরব সরকারকর্তৃক ঘোষিত সাধারণ ক্ষমার মেয়াদ বৃদ্ধি।

প্রবাসী বাংলাদেশীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সৌদি আরব সরকারকর্তৃক প্রবাসী বাংলাদেশীদের জন্য সাধারণ ক্ষমার মেয়াদ আগামী ১৬ সেপ্টেম্বর ২০১৭ তারিখ থেকে ১৫ অক্টোবর ২০১৭ তারিখ পর্যন্ত ৩০ (ত্রিশ) দিন বৃদ্ধি করা হয়েছে।

২। বৈধ ইকামা ছাড়া বসবাসরত যে সকল বাংলাদেশী ইতিপূর্বে ঘোষিত সাধারণ ক্ষমার আওতায় ট্রাভেল পারমিট (TP) গ্রহণ করেননি, তাদেরকে এ সুযোগ কাজে লাগানোর জন্য অনুরোধ করা হচ্ছে। যাদের বৈধ পাসপোর্ট আছে তাদেরকে সরাসরি জাওজাত থেকে একজিট (Exit) সিল লাগিয়ে বিনা জরিমানায় সৌদি আরব ত্যাগ করার সুযোগ কাজে লাগানোর জন্য অনুরোধ করা হচ্ছে। আর যাদের বৈধ পাসপোর্ট নেই তাদেরকে বাংলাদেশ দূতাবাস থেকে ট্রাভেল পারমিট (TP) গ্রহণপূর্বক জাওজাত থেকে একজিট (Exit) সিল লাগিয়ে বিনা জরিমানায় সৌদি আরব ত্যাগ করার সুযোগ কাজে লাগানোর জন্য অনুরোধ করা হচ্ছে।

৩। সাধারণ ক্ষমার আওতায় যারা ইতিপূর্বে ট্রাভেল পারমিট (TP) গ্রহণ করেছিলেন কিন্তু সৌদি আরব ত্যাগ করেননি, ট্রাভেল পারমিটের মেয়াদ থাকলে তারাও জাওজাত থেকে একজিট (Exit) সিল লাগিয়ে বিনা জরিমানায় সৌদি আরব ত্যাগ করতে পারবেন। যারা ইতিপূর্বে ট্রাভেল পারমিট গ্রহণপূর্বক জাওজাত থেকে একজিট (Exit) সিল লাগিয়েছিলেন কিন্তু ফ্লাইট সিডিউল না পাওয়ায় অথবা অন্য কোন কারণে সৌদি আরব ত্যাগ করতে পারেননি, ট্রাভেল পারমিটের মেয়াদ থাকলে তারাও বিনা জরিমানায় সৌদি আরব ত্যাগ করতে পারবেন। ট্রাভেল পারমিটের মেয়াদ না থাকলে পুনরায় ট্রাভেল পারমিট (TP) গ্রহণ করে এ সুযোগ কাজে লাগানো যাবে।

৪। প্রবাসী বাংলাদেশীদের এ সুযোগ কাজে লাগানোর জন্য অনুরোধ করা হল।

১৫.০৯.২০১৭

(ড. ফরিদ উদ্দিন আহমদ)

কাউন্সেলর ও কার্যালয় প্রধান